

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)



স্মারক নং-২৬.০০.০০০০.১৫৭.৯৯.০০১.১৮.১৫৪

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৭  
১৫ জুলাই ২০২০

বিষয়: করোনা ভাইরাস (কভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতিতে এসোসিয়েশন/গ্রুপ/চেম্বার/যৌথ চেম্বার/ফাউন্ডেশনের কার্যনির্বাহী পরিষদের সাধারণ সভা ও নির্বাচন স্থগিত রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতিতে করোনা ভাইরাস (কভিড-১৯) সংক্রমন রোধ ও স্বাস্থ্যবিধি অনুসরণের প্রয়োজনে সামাজিক দূরত্ব বজায় রাখা অতীব জরুরি বিধায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত সকল এসোসিয়েশন/গ্রুপ/চেম্বার/যৌথ চেম্বার/ফাউন্ডেশনের কার্যনির্বাহী পরিষদের সাধারণ সভা ও নির্বাচন আগামী ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত স্থগিত রাখার জন্য অনুরোধ করা হলো।

০২। এই নির্দেশনা মার্চ, ২০২০ থেকে যে সকল বাণিজ্য সংগঠনের সাধারণ সভা ও নির্বাচন করা সম্ভব হয়নি সেসকল বাণিজ্য সংগঠনের সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০৩। মার্চ, ২০২০ এর পূর্বেই যে সকল বাণিজ্য সংগঠনের সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠান করার বিষয়টি নির্ধারিত ছিল ঐ সকল সংগঠনের ক্ষেত্রে সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত না হওয়ার যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক সময় বৃদ্ধির আবেদন করতে হবে।

০৪। কোন সংগঠনের সাধারণ সভা ও নির্বাচন বিষয়ে মহামান্য আদালতে মামলা চলমান থাকলে উক্ত বিষয়ভিত্তিক মামলার মেরিট অনুযায়ী বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হবে।

*Nahida*  
৩১/০৭/২০২০  
(সৈয়দা নাহিদা হাবিবা)  
উপসচিব (টি.ও-২ শাখা)  
ফোন: ৯৫৪০৫৩০

ই-মেইল: [to2@mincom.gov.bd](mailto:to2@mincom.gov.bd)

সভাপতি/চেয়ারম্যান/প্রশাসক

.....  
.....

স্মারক নং-২৬.০০.০০০০.১৫৭.৯৯.০০১.১৮.

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৭  
১৫ জুলাই ২০২০

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা।
- ০২। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
- ০৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ০৪। জেলা প্রশাসক, (সকল)।
- ০৫। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৬। মাননীয় মন্ত্রী র একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। সচিব এর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। পরিচালক (অতিরিক্ত সচিব), বাণিজ্য সংগঠন এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিচালক, বাণিজ্য সংগঠন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস কপি।

স্বা/-  
(সৈয়দা নাহিদা হাবিবা)